

বাংলাদেশে শরণার্থী আগমনের ফলে মানবিক সাহায্য-অপারেশন ইনসানিয়াৎ

বিপুল সংখ্যক শরণার্থী আগমনের ফলে বাংলাদেশে সৃষ্ট মানবিক সমস্যা মোকাবিলার জন্য ভারত সরকার বাংলাদেশকে সহযোগিতা করার সিদ্ধান্ত নিয়েছে। আশু সমস্যার সমাধানের জন্য প্রভাবিত জনসাধারণের নিত্য প্রয়োজনের সামগ্রী ত্রাণের মধ্যে রয়েছে। এগুলি হলো চাল,ডাল, চিনি, রান্নার তেল,নুন,চা, তৎক্ষণাৎ তৈরির নুডলস, বিস্কুট ,মশারী ইত্যাদি।

ত্রাণ সামগ্রীগুলি বহু পর্যায়ে পাঠানো হবে। প্রথম পর্যায়ের ত্রাণ সামগ্রী ১৪ সেপ্টেম্বর ২০১৭, ভারতীয় বায়ুসেনার বিমানে চট্টগ্রামে পাঠানো হচ্ছে।

বাংলাদেশ সরকার এবং সেখানকার জনসাধারণের সংগে নিবিড় মৈত্রীমূলক সম্পর্কের প্রেক্ষাপটেই ভারত বাংলাদেশের যেকোনো সংকটের মোকাবিলার জন তৎক্ষণাৎ এবং দ্রুত সাহায্য করে থাকে। এই সংকটের সময়ে বাংলাদেশের যেকোনো প্রয়োজনে ভারত সহযোগিতা করতে প্রস্তুত।

নয়াদিল্লি

১৪ সেপ্টেম্বর ২০১৭.